

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়  
(ত্রাণ কর্মসূচি-২ অধিশাখা)  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
www.modmr.gov.bd

নং-৫১.০০.০০০০.৪২২.১৪.০০১.১৬-১০৯

তারিখঃ ১১ মাঘ ১৪২৩/২৪ জানুয়ারি ২০১৭ খ্রি।

বিষয় : ২০১৬-১৭ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা) কর্মসূচির আওতায় আংশিক সিটি কর্পোরেশনভুক্ত নির্বাচনী এলাকা রংপুর-৪ এর অনুকূলে বরাদ্দকৃত ১৫০ মেটন চালের মূল্যের অতিরিক্ত আরও ১৫০.০০০ মে.টন চালের মূল্য বাবদ ৫৫,৬৪,৫৬২/- (পঞ্চাশ লক্ষ চৌষট্টি হাজার পাঁচশত বাষট্টি) টাকা বরাদ্দ প্রদান।

সূত্রঃ এ মন্ত্রণালয়ের গত ১০/১১/২০১৬খ্রি. তারিখের নং-৫১.০০.০০০০.৪২২.১৪.০০১.১৬-৫৩ সংখ্যক পত্র।

চলতি ২০১৬-১৭ অর্থ বছরে জন্য জাতীয় সংসদের মাননীয় সংসদ সদস্যগণের অনুকূলে আংশিক সিটি কর্পোরেশন এলাকায় ১ম কিস্তিতে ১৫০ মে. টন হারে চালের টাকা বরাদ্দ দেয়া হয়েছে। নির্বাচনী এলাকা রংপুর-৪ আসনের বিপরীতে সুত্রোক্ত স্মারক পত্রে আংশিক সিটি কর্পোরেশন হিসেবে ১৫০ মে. চালের মূল্য ৫৫,৬৪,৫৬২/- (পঞ্চাশ লক্ষ চৌষট্টি হাজার পাঁচশত বাষট্টি) টাকা বরাদ্দ দেয়া হয়। এই আসনের অধিকাংশ এলাকা সিটি কর্পোরেশন বর্হিভূত বিবেচনায় পূর্বের বরাদ্দকৃত ১৫০ মে. টন চালের মূল্যের অতিরিক্ত আরো ১৫০ মে. টন চালের মূল্য বাবদ ৫৫,৬৪,৫৬২/- (পঞ্চাশ লক্ষ চৌষট্টি হাজার পাঁচশত বাষট্টি) টাকা নিম্নবর্ণিত শর্তে এতদ্বারা নির্দেশক্রমে বরাদ্দ দেয়া হলো। এই ব্যয় বাজেট কোড ৪৯০১-৫০৯০ হতে নির্বাহের জন্য অনুরোধ করা হলো।

**শর্তসমূহ:**

- (১) ১ম পর্যায়ের বরাদ্দের বিপরীতে প্রকল্প গ্রহণ, কাজ সমাপ্তকরণ ও অর্থ ছাড়করণের সর্বশেষ সময়সীমা ৩১/০৩/২০১৭ খ্রিঃ তারিখ; প্রকল্পের কাজ শুরুর পূর্বে কাবিটা নির্দেশিকা অনুসরণ করে জেলা কর্ণধার কমিটির নিকট প্রেরণ/অনুমোদন করতে হবে;
- (২) সিটি কর্পোরেশনের অন্তর্ভুক্ত এলাকায় এ বরাদ্দ ব্যয় করা যাবে না;
- (৩) এ কর্মসূচির অর্থ ব্যয়ে প্রচলিত সকল আর্থিক বিধি-বিধান এবং কাবিটা নির্দেশিকা-এর অনুশাসনাবলী যথাযথভাবে অনুসরণ করতে হবে;
- (৪) এ বরাদ্দের অর্থ দিয়ে ধর্মীয়/শিক্ষা/জনকল্যাণমূল্যক প্রতিষ্ঠানের মেরামত/উন্নয়ন করা যাবে;
- (৫) নতুনভাবে তৈরিকৃত/সংস্কারকৃত গ্রামীণ রাস্তার দুইপাশে স্থানীয় কৃষি বিভাগের পরামর্শক্রমে তালগাছের চারা রোপনের কার্যক্রম অন্তর্ভুক্ত করতে হবে;
- (৬) এই আদেশে বরাদ্দকৃত অর্থের ৫০% অর্থ সোলার প্যানেল ও বায়ো গ্যাস প্রকল্প বাস্তবায়নে ব্যবহার করতে হবে;
- (৭) মাননীয় সংসদ সদস্যদের অনুকূলে বরাদ্দকৃত অর্থ বরাদ্দ/ব্যবহারের ক্ষেত্রে কাবিটা নির্দেশিকা ২(৬) অনুচ্ছেদ প্রযোজ্য হবে।

স্বাক্ষরিত/-

(মোঃ ইসমাইল হোসেন)

যুগ্ম-সচিব (ত্রাক-২)

ফোনঃ ৯৫৪০১৪৩

dsreliefprog2@modmr.gov.bd

**মহাপরিচালক**

দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

দুর্যোগ ব্যবস্থাপনা ভবন

৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা।

নং-৫১.০০.০০০০.৪২২.১৪.০০১.১৬-১০৯

তারিখঃ ১১ মাঘ ১৪২৩/২৪ জানুয়ারি ২০১৭ খ্রি।

- সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
- ১। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
  - ২। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
  - ৩। সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
  - ৪। সচিব, বিদ্যুৎ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
  - ৫। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ১৬, নবাব আব্দুল গণি রোড, ঢাকা।
  - ৬। বিভাগীয় কমিশনার, রংপুর।
  - ৭। জেলা প্রশাসক, রংপুর।
  - ৮। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
  - ৯। সচিবের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
  - ১০। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা।
  - ১১। সিস্টেম এনালিস্ট, আই, সি, টি সেল, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশ এবং ই-মেইলে মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর ও সকল জেলা প্রশাসক বরাবর প্রেরণের জন্য)।
  - ১২। অতিঃ সচিব (ত্রাণ)-এর ব্যক্তিগত কর্মকর্তা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (অতিঃ সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

(মোঃ ইসমাইল হোসেন)

যুগ্মসচিব (ত্রাক-২)